



## শেখ হাসিনা: নেতৃত্ব, মানবিকতা ও দূরদৃষ্টি শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



২৭ সেপ্টেম্বর-২০২১, সকাল :১০টায় বাংলাদেশ কলামিস্ট ফোরামের আয়োজনে "শেখ হাসিনা: নেতৃত্ব, মানবিকতা ও দূরদৃষ্টি" শীর্ষক সেমিনার জাতীয় প্রেস ক্লাব এর তফাজ্জল হোসেন মানিক মিয়া হল (২য়তলা) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক ড. শামসুল আলম।

বাংলাদেশ কলামিস্ট ফোরামের আহবায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক আইজিপি ও কলামিস্ট এ কে এম শহীদুল হক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এবং উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিশিষ্ট চিকিৎসক ও কলামিস্ট অধ্যাপক মামুন আল মাহাতাব (সপ্নীল) এবং দৈনিক যুগান্তর পত্রিকার সম্পাদক ও জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি সাইফুল আলম।

সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) এর সাবেক উপাচার্য অধ্যাপক ড. রাশিদ আসকারী এবং স্বাগত বক্তব্য প্রদান করেন কলামিস্ট ফোরামের সদস্য-সচিব এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস।

এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও বাংলাদেশ প্রগতিশীল কলামিস্ট ফোরাম এর সদস্য প্রমুখ উপস্থিত ছিলেন।